

এপ্রিল ২০১৫ এর কার্যক্রমের প্রতিবেদন - বাংলাদেশ নৌবাহিনী পরিবার কল্যাণ সংঘ ঢাকা

১। গত ১৪ এপ্রিল ২০১৫ মঙ্গলবার পহেলা বৈশাখ ১৪২২ উদযাপন উপলক্ষে নাবিক কলোনি মাঠে ১১১৫ ঘটিকায় বৈশাখী মেলা আয়োজন করা হয়। উক্ত মেলায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মাননীয় নৌবাহিনী প্রধান ভাইস এডমিরাল এম ফরিদ হাবিব, এনবিপি, এনডিসি, পিএসসি ও বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ নৌবাহিনী পরিবার কল্যাণ সংঘ এর মাননীয় প্রেসিডেন্ট বেগম হাফিজা হাবিব। ঢাকা নৌ অঞ্চলে কর্মরত অফিসার, জেসিও, পিও এবং নাবিক ও তাদের পরিবারবর্গের সূতঃস্কূর্ত অংশগ্রহণে মেলা মাঠ মুখরিত হয়ে উঠে। মাননীয় প্রধান অতিথি ও বিশেষ অতিথি বেলুন ও ফেস্টুন উড়িয়ে মেলার শুভ উদ্বোধন করেন।



২। গত ১৪ এপ্রিল ২০১৫ মঙ্গলবার পহেলা বৈশাখ ১৪২২ উদযাপন উপলক্ষে নাবিক কলোনিস্থ শহীদ মোয়াজ্জম হলে ১৬৩০ ঘটিকায় বৈকালীন সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন করা হয়। উক্ত মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন নৌ প্রশাসনিক কর্তৃপক্ষ ঢাকা কমডোর সৈয়দ মকছুমুল হাকিম, (এনডি), এনসিসি, এনডিসি, পিএসসি, বিএন। ঢাকা নৌ অঞ্চলে কর্মরত কমান্ডার ও তদনিম্ন পদবীর

সীমিত

অফিসারবৃন্দ এবং পিও ও তদনিন্ম পদবীর নাবিকবৃন্দ এবং তাদের পরিবারবর্গ উক্ত অনুষ্ঠানে অংশগ্রহণ করেন।



৩। গত ১৪ এপ্রিল ২০১৫ মঙ্গলবার পহেলা বৈশাখ ১৪২২ উদযাপন উপলক্ষে নাবিক কলোনিস্থ শহীদ মোয়াজ্জম হলে ১৯৩০ ঘটিকায় সন্ধ্যাকালীন সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন করা হয়। উক্ত বর্ণাঢ্য সাংস্কৃতিক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মাননীয় নৌবাহিনী প্রধান ভাইস এডমিরাল এম ফরিদ হাবিব, এনবিপি, এনডিসি, পিএসসি এবং বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ নৌবাহিনী পরিবার কল্যাণ সংঘ এর মাননীয় প্রেসিডেন্ট বেগম হাফিজা হাবিব। ঢাকা নৌ অঞ্চলে কর্মরত ক্যাপ্টেন ও তদূর্ধ্ব পদবীর অফিসারবৃন্দ এবং জেসিও ও তাদের পরিবারবর্গ উক্ত অনুষ্ঠানে অংশগ্রহণ করেন।



সীমিত

সীমিত



সীমিত

৪। গত ২৫ এপ্রিল ২০১৫ শনিবার ০৯০০ ঘটিকায় নাবিক কলোনিস্থ সিডব্লিউসি অ্যান্ড এমসি তে জাতীয় ভিটামিন 'এ' প্লাস ক্যাম্পেইন ২০১৫ অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ নৌবাহিনী পরিবার কল্যাণ সংঘ এর তৎকালীন মাননীয় ভারপ্রাপ্ত প্রেসিডেন্ট বেগম ডাঃ আফরোজা আওরঙ্গজেব। উক্ত অনুষ্ঠানে বানৌপক সংঘ কেন্দ্রীয় কমিটি, বানৌপক সংঘ ঢাকা ও বিএন লেডিস ক্লাব ঢাকা শাখার কার্যনির্বাহী কমিটির সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন। উক্ত দিন ০৫- ৫৯ মাস বয়সী উপস্থিত শিশুদের ভিটামিন 'এ' প্লাস ক্যাপসুল খাওয়ানো হয়।

